

নম্বর: ৫৩.০০.০০০০.২১১.৩১.০০১.১৯.২১৬

তারিখ: ২ আষাঢ়, ১৪২৯

১৬ জুন ২০২২

অফিস আদেশ

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ইনোভেশন টিম নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো:

ক্রম	কর্মকর্তার নাম ও পদবি	টিমে অবস্থান	মোবাইল নম্বর ও ই-মেইল এড্রেস
১.	জনাব মফিজ উদ্দীন আহমেদ অতিরিক্ত সচিব	চিফ ইনোভেশন অফিসার	০১৫৫২৩৬০৭৭৫ addlsecy.cm@fid.gov.bd
২.	জনাব বদরে মুনির ফেরদৌস যুগ্মসচিব	সদস্য	০১৭১৫০১৬৩২৫ js.cbb@fid.gov.bd
৩.	ডঃ নাহিদ হোসেন যুগ্মসচিব	সদস্য সচিব	০১৮৫৫৬৬৬৬৪০ js.cm@fid.gov.bd
৪.	জনাব মোঃ জেহাদ উদ্দিন উপসচিব	সদস্য	০১৯১২৫২০০১৮ ds.litigation@fid.gov.bd
৫.	জনাব মোঃ গোলাম মোস্তফা উপসচিব	সদস্য	০১৭১৭০০৫০৩৪ ds.cm@fid.gov.bd
৬.	মিজ্ মীনাঙ্কী বর্মন উপসচিব	সদস্য	০১৭১৪০৩১৩৩৫ ds.admin@fid.gov.bd
৭.	জনাব মোহাম্মদ এনামুল হক উপসচিব	সদস্য	০১৯৩৭১৫৭৬২৭ ds.audit@fid.gov.bd

২। ইনোভেশন টিমের কার্যপরিধি:


- (১) স্ব স্ব কার্যালয়ের সেবাদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন;
- (২) ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বছরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;
- (৩) প্রতি মাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
- (৪) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন এবং
- (৫) প্রতি বছর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বছরের একটি পূর্ণাঙ্গ বার্ষিক প্রতিবেদন প্রণয়ন, মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ।

৩। চিফ ইনোভেশন অফিসারের দায়িত্ব ও কার্যাবলি:

- (১) এ বিভাগের ইনোভেশন টিমের নেতৃত্ব প্রদান;
- (২) পরিবর্তনের রূপকার হিসেবে স্বীয় কার্যালয়ে সেবা প্রদান ও অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার অভ্যাস ও ক্ষেত্র তৈরি করা, আইসিটি ও সকল উদ্ভাবনী কার্যক্রমের গতিশীলতা সৃষ্টির মাধ্যমে আওতাধীন দপ্তর-সংস্থার কার্যাবলীতে উদ্ভাবনকে অন্তর্ভুক্ত ও উৎসাহিত করা;
- (৩) প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিমের সদস্যদের কর্মস্পৃহা বৃদ্ধি এবং উদ্ভাবনী মেলার প্রতিযোগিতায় অংশগ্রহণ;

- (৪) নাগরিক সেবা সহজীকরণ (Service Process Simplification)-এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন এবং সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন;
- (৫) সকল প্রকার দাপ্তরিক চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেকট্রনিক পদ্ধতিতে আদান-প্রদানের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিতকরণ;
- (৬) স্ব স্ব কার্যালয়ের যাবতীয় তথ্যাবলী সন্নিবেশনপূর্বক প্রতিষ্ঠানের প্রোফাইল তৈরি এবং কার্যালয়ের ওয়েবসাইটে তা নিয়মিত হালনাগাদ নিশ্চিতকরণ এবং অনলাইনে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;
- (৭) জাতীয় আইসিটি নীতিমালায় বর্ণিত ICT Action Plan-এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ;
- (৮) স্ব স্ব কার্যালয়ের আইসিটি কার্যক্রমের বাজেট তৈরি, প্রকল্প গ্রহণ, অর্থায়নের ব্যবস্থা গ্রহণ, কার্যক্রম পর্যবেক্ষণ, অগ্রগতি মূল্যায়ন এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
- (৯) তথ্য অধিকার আইন অনুযায়ী স্ব স্ব কার্যালয়ের নির্ধারিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে সমন্বয় সাধন এবং
- (১০) জাতীয় ই-জিফ (e-GIF: e-Governance Interoperability Framework)-এর আওতায় আইসিটি কার্যক্রমকে আদর্শ মানে আনয়ন (Standardization) ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে।



১৬-৬-২০২২

মীনাঙ্কী বর্মন

উপসচিব

ফোন: ৫৫১০০৮৫৮

ইমেইল: ds.admin@fid.gov.bd


নম্বর: ৫৩.০০.০০০০.২১১.৩১.০০১.১৯.২১৬/১(৭১)

তারিখ: ২ আষাঢ় ১৪২৯

১৬ জুন ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) অতিরিক্ত সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- ৩) চিফ ইনোভেশন অফিসার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- ৪) মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৫) যুগ্মসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- ৬) উপসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- ৭) সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮) সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- ৯) প্রোগ্রামার, আইসিটি সেল, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ওয়েবসাইটে হালনাগাদের অনুরোধসহ)



১৬-৬-২০২২

মীনাঙ্কী বর্মন

উপসচিব